# শৈশবের টিকাকরণ



## প্রতিরোধ করুন ও নিরাপদ রাখুন

- টিকা শিশুদেরকে হাম, মাম্পস, হুপিং কাশি এবং জলবসন্ত সহ বিভিন্ন বিপজ্জনক রোগ থেকে সুরক্ষিত রাখে।
- শিশুদের টিকাকারণ না করানো হলে তারা এই বিপজ্জনক রোগের কারণে খুব অসুস্থ হতে পারে, বা মৃত্যুও হতে পারে।
- প্রাপ্তবয়স্কদের নিজেকে এবং নবজাত, গর্ভবতি মহিলা এবং দুর্বল রোগ-প্রতিরোধ ক্ষমতা সম্পন্ন ব্যক্তি সহ অন্যান্যদের যারা টিকা নিতে পরেন না, তাদের সুরক্ষিত থাকতে সাহায্যে করার জন্য যথাসময়ে টিকা নেওয়া উচিত।

## টিকার নিরাপত্তা

- টিকাগুলি **নিরাপদ এবং কার্যকরী**। টিকার বেশিরভাগ প্রতিক্রিয়া খুব মৃদু হয় এবং এগুলি হলো ব্যথা বা ইনজেকশনের স্থানে লালচেভাব। যে কোনও উদ্বেগ সম্পর্কে আপনার শিশু স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীর সঙ্গে কথা বলুন।
- টিকার **কারণে অটিজম হয় না**। বৈজ্ঞানিক গবেষণায় অটিজম এবং টিকার মধ্যে কোনও সংযোগ পাওয়া যায়নি। আরও তথ্যের জন্য **aap.org** -এ অ্যামেরিকান অ্যাকাডেমি অফ পেডিয়াট্রিক্সে (American Academy of Pediatrics) যান এবং **"parental concerns" (পিতা-মাতার উদ্বেগ)** করুন।

## সুপারিশকৃত টিকাকরণ

- রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (Centers for Disease Control and Prevention, CDC) শিশুর টিকাকরণের জন্য বয়স এবং সময়সূচি জানিয়ে দেয়। পিতা-মাতা এবং প্রদানকারীদের এই নিরাপদ এবং কার্যকর সময়সূচি মেনে চলতে হবে: **cdc.gov**-এ যান এবং **"immunization schedules" (টিকাকরণ সময়সূচী)** খুঁজুন।
- NYC-এর **প্রয়োজন অনুযায়ী** শিশু পরিচর্যা প্রকল্প, সরকারি স্কুল বা বেসরকারি স্কুলে ভর্তি হওয়া 2 মাস থেকে 18 বছর বয়সী বাচ্চাদের কিছু নির্দিষ্ট টিকা দিতে হবে। বর্তমান টিকাকরণ সময়সূচি জন্য **nyc.gov/health**-এ যান এবং **"student vaccines" (শিক্ষার্থীর টিকাকরণ)** অনুসন্ধান করুন, বা আপনার শিশুর স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীর সঙ্গে কথা বলুন।
- জুন 2019 থেকে নিউ ইয়র্কের শিক্ষার্থীদেরকে টিকাকরণ প্রয়োজনের থেকে ধর্মীয় রেহাইয়ে **অনুমতি আর দেওয়া হয় না**।

যদি আপনাকে মার্কিন যুক্তরাষ্ট্রের বাইরে যাত্রা করতে হয় তাহলে যে কোনও টিকাকরণ সম্পর্কে আপনার শিশু পরিচর্যা প্রদানকারীর সঙ্গে কথা বলুন।

## সঠিক পথে থাকুন

NYC-তে জন্ম থেকে 18 বছর বয়স পর্যন্ত বাচ্চাদেরকে দেওয়া সমস্ত টিকাকরণ সম্পর্কে স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীকে অবশ্যই সিটিওয়াইড টিকাদানের রেজিস্ট্রি (Citywide Immunization Registry, CIR)-কে জানাতে হবে। আপনার শিশুর টিকাকরণ রেকর্ড খোঁজার জন্য:

- **nyc.gov/health**-এ যান এবং **CIR** অনুসন্ধান করুন।
- **311** নম্বরে কল করুন এবং CIR-এর ব্যাপারে জিজ্ঞাসা করুন।
- সহায়তার জন্য আপনার শিশুর স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীকে জিজ্ঞাসা করুন।

যদি আপনার শিশুর রেকর্ড খুঁজে না পাওয়া যায় তাহলে কোন টিকার প্রয়োজন আছে তা আপনার শিশু পরিচর্যা প্রদানকারীকে অনুসন্ধান করতে বলুন।

## পরিচর্যা খোঁজা

আপনার অর্থ পরিশোধ করার ক্ষমতার নির্বিশেষে আপনার বাচ্চাকে টিকা দেওয়ার অনেকগুলি উপায় আছে। আপনার বাচ্চার স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীর সঙ্গে কথা বলুন বা:

- গ্রিন হেল্থ সেন্টারে (Fort Greene Health Center) যান (4 বছর বা তার চেয়ে বেশি বয়সী বাচ্চাদের জন্য) বা **nyc.gov/health/map**-এ আপনার এলাকায় অন্য একটি টিকাকরণ কেন্দ্র খুঁজুন।
- **nychealthandhospitals.org/health_care**-এ একটি NYC হেল্থ + হসিপটালের (NYC Health + Hospitals) অবস্থান খুঁজুন।
- **findahealthcenter.hrsa.gov**-এ একটি কমিউনিটি হেল্থ সেন্টার খুঁজুন।
- **311** নম্বরে কল করুন এবং **childhood vaccination referrals (শিশু টিকাকরণ রেফারেল)** এবং **school immunization requirements (স্কুল টিকাকরণ প্রয়োজনের)** ব্যাপারে জিজ্ঞাসা করুন।



## সংস্থানসমূহ

**সংযুক্ত হোন** @nychealthy | nychealth | @nychealthy | nychealth | nyc health

**আরও জানুন** **nyc.gov/health** -এ যান এবং **"child vaccinations" (শিশুর টিকাকরণ)** খুঁজুন।

**সর্বশেষ স্বাস্থ্য বুলেটিন গ্রহণ করুন** ইমেল **healthbulletins@health.nyc.gov**

এই স্বাস্থ্য বুলেটিনের অতিরিক্ত ভাষা ও অন্যান্য অনুবাদ করা স্বাস্থ্যসামগ্রীর জন্য **nyc.gov/health/pubs** - দেখুন। আপনার নিজের ভাষায় পরিষেবা পাওয়ার অধিকার আপনার আছে। নিউইয়র্ক সিটি স্বাস্থ্যবিভাগের সব অফিস এবং ক্লিনিকে এই পরিষেবাগুলি বিনামূল্যে পাওয়া যায়।